



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

[www.dhakaeducationboard.gov.bd](http://www.dhakaeducationboard.gov.bd)

নং- ঢাশি/বি/৬/আএডআ/

তারিখ :

বিষয় : কলেজের সহকারী অধ্যাপক (বরখাস্তকৃত) জনাব খাজা মাস্টিনুদীন-কে চূড়ান্ত বরখাস্ত প্রসঙ্গে।

সূত্র : (১) অধ্যক্ষ, ন্যাশনাল ব্যাংক পাবলিক স্কুল এন্ড কলেজ কর্তৃক জনাব খাজা মাস্টিনুদীন-এর বিরুদ্ধে আনীত অভিযোগনামাসহ আপীল এন্ড আরবিট্রেশন কমিটিতে আবেদন।  
(২) বোর্ডের ২০/১১/২০১৯ তারিখের আপীল এন্ড আরবিট্রেশন কমিটির সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কলেজের সহকারী অধ্যাপক (বরখাস্তকৃত) জনাব খাজা মাস্টিনুদীন-এর বিরুদ্ধে আনীত অভিযোগনামা- (১) শিক্ষাগত যোগ্যতার ডিপ্লোমা-ইন-সেক্রেটারিয়েল সাইন সনদ অবৈধ/গ্রহণযোগ্য নয়, (২) বৈধ সনদ ছাড়াই এমপিও ভুক্তির অর্থ আহরণ, (৩) প্রথম এমপিও-এর ভূয়া তথ্য প্রদান করে জালিয়াতির আশ্রয় নিয়ে এডহক কমিটির এজেন্ডা ও কার্যবিবরণী সূজন করে অন্যায়ভাবে সহকারী অধ্যাপকের পদোন্নতি গ্রহণ, (৪) উৎকোচ হিসেবে নগদ অর্থ গ্রহণ করে ৯ম শ্রেণির ছাত্রকে ১০ম শ্রেণিতে উত্তীর্ণের জাল সনদ প্রদান, (৫) ছাত্র-ছাত্রী, স্টাফ/কর্মচারী ও সহকর্মীদের সাথে দূর্ব্যবহার, (৬) কর্তৃপক্ষের বৈধ আদেশ অমান্য ও বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকা ইত্যাদি অভিযোগের কারণে ম্যানেজিং কমিটি কর্তৃক চূড়ান্ত বরখাস্ত করা হয়েছে।

২। বোর্ডের ২০/১১/২০১৯ আপীল এন্ড আরবিট্রেশন কমিটি প্রাপ্ত অভিযোগসমূহ পূঁখানুপুঁখ বিশ্লেষণপূর্বক কলেজের সহকারী অধ্যাপক (বরখাস্তকৃত) জনাব খাজা মাস্টিনুদীন-কে ম্যানেজিং কমিটি কর্তৃক চূড়ান্ত বরখাস্তকরণের সিদ্ধান্তের বিষয়টি সর্বসম্মতভাবে অনুমোদন করেছে।

চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে

প্রাপক : সভাপতি, গভর্নির্বাচিত  
ন্যাশনাল ব্যাংক পাবলিক স্কুল এন্ড কলেজ  
জিগাতলা, হাজারীবাগ, ঢাকা।

স্বাক্ষর :  
বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
ঢাকা

মেমো নং- ১৯৩৪ (২)

তারিখ : ২১/১১/১৮

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। মহাপরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত্র, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, ঢাকা।
- ৪। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
- ৫। জেলা শিক্ষা অফিসার, ঢাকা।
- ৬। অধ্যক্ষ, ন্যাশনাল ব্যাংক পাবলিক স্কুল এন্ড কলেজ।
- ৭। খাজা মাস্টিনুদীন, সহকারী অধ্যাপক (বরখাস্তকৃত), ন্যাশনাল ব্যাংক পাবলিক স্কুল এন্ড কলেজ।
- ৮। পি.এস.-টু চেয়ারম্যান (চেয়ারম্যান মহোদয়ের অবগতির জন্য), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৯। অফিস কপি।

বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
ঢাকা